



## উপজেলা পরিষদ

অষ্টগ্রাম, কিশোরগঞ্জ

www.austagram.kishoreganj.gov.bd



উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

উপজেলা পরিষদের .....তম মাসিক সমন্বয় সভা (অক্টোবর/২১) মাসের কার্যবিবরণী

সভাপতি : জনাব শহীদুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।

সভার তারিখ : ১৪ অক্টোবর ২০২১ খ্রিঃ

সভার সময় : বেলাঃ ১১:০০ টা।


সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট “ক ও খ” তে দেখানো হলো

সভার শুরুতেই উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভা শুরু করা হয়। সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, অষ্টগ্রামকে সভা পরিচালনার করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন যে, শারদীয় দুর্গোৎসব চলমান রয়েছে। অত্র উপজেলায় জনসাধারণ শান্তিপূর্ণভাবে দুর্গোৎসব উদযাপন করছেন। কোন প্রকার অপ্রীতিকর ঘটনা যাতে না ঘটে সেদিকে খেয়াল রাখার জন্য সকলকে অনুরোধ করেন। অতঃপর সেপ্টেম্বর/২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করা হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও দৃঢ়ীকরণ করা হয় এবং সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানগণকে উপস্থাপিত বিষয়ের উপর আলোচনা করতে বলা হলে তারা আলোচনা করেন।

ক্র. নং	দপ্তর/বিভাগের নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (প্রতিনিধি) অষ্টগ্রাম জানান যে, তার বিভাগের যাবতীয় কার্যক্রম সঠিকভাবে চলেছে। তিনি আরোও জানান যে, এ পর্যন্ত ৩০,১৬৬ জনকে ১ম ডোজ ও ১৩৩৮৬ জনকে ২য় ডোজ প্রদান করা হয়েছে এবং ৫১৩০ টি ২য় ডোজের টিকা রক্ষিত আছে। চলতি মাসে এ পর্যন্ত বহিবিভাগে ৩৬৪জন পুরুষ, ৮৮৮জন মহিলা ও ৪৩৪ জন শিশুকে স্বাস্থ্যসেবা দেয়া হয়েছে। সেবাপ্রার্থীদের শৃঙ্খলভাবে চিকিৎসাসেবা গ্রহণের সুবিধার্থে উপজেলা পরিষদ থেকে কমপক্ষে ০২জন আনসার সদস্য নিয়োগের জন্য অনুরোধ করেন।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পালনের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, অষ্টগ্রাম
২	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পঃ পঃ কর্মকর্তা, অষ্টগ্রাম জানান যে, তার বিভাগের যাবতীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। প্রতি দুই মাস অন্তর ইউনিয়ন কমিটির মাসিক সভা, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পরিচালনা কমিটির সভা, স্যাটেলাইট ক্লিনিক পরিচালনা কমিটির সভা এবং উঠান বৈঠক, মা ও শিশু স্বাস্থ্যসেবাসহ পদ্ধতি ভিত্তিক কার্যক্রম সঠিকভাবে চলছে।	বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে পালনের জন্য উপজেলা পঃ পঃ কর্মকর্তা, অষ্টগ্রামকে অনুরোধ করেন।	উপজেলা পঃ পঃ কর্মকর্তা, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।
৩	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি কর্মকর্তা, অষ্টগ্রাম উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। তিনি আরোও জানান যে, অলওয়েদার স্টেশন স্থাপনের বিষয়টি বিশেষ গুরুত্ব দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়েরকে	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পালন এবং উপসহকারী কৃষি কর্মকর্তাগণ তাদের নিজ নিজ ব্লকে অবস্থান করে কৃষকগণকে সঠিক পরামর্শ প্রদান এবং	উপজেলা কৃষি অফিসার, অষ্টগ্রাম



সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

  
(শহীদুল ইসলাম)


চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।

তারিখঃ ১৪/১০/২০২১খ্রিঃ

স্মারক নং-০৫.৩০.৪৮০২.০০০.০০.০০৬-৬.০৭- ৫৫২/২ (৫০)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ০১। মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৪।
- ০২। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ।
- ০৪। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।
- ০৫। উপজেলা ..... কর্মকর্তা, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।
- ০৬। চেয়ারম্যান, দেওঘর/কাস্তুল/অষ্টগ্রাম সদর/বাজালপাড়া/কলমা/খঃপুরআব্দুল্লাপুর/আদমপুর/পূর্ব অষ্টগ্রাম, ইউপি।
- ০৭। জনাব ..... অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।
- ০৮। অফিস নথি।

  
(মোঃ রফিকুল ইসলাম)  
উপজেলা নিবাহী অফিসার  
অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।